উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-৬৭

তারিখ- ২৭/০৬/২০২২ ইং

অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

বাদীপক্ষ অনুপস্থিত।

নথি আদেশের জন্য নেওয়া হলো। নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী **বি.এস- ১৭৬১ নং** খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় **১-১৫ নং বিবাদীদের** বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-১৫ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ১৪/১১/২০১৯ ইং তারিখের ৫২ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে বাদী **মোঃ ইউসুফ P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্ম বর্নিত কাগজাদি দাখিল করেন।

১। **সিকলবাহা** মৌজার আর এস-১১৭২ নং খতিয়ান এর জাবেদা নকল যা প্রদর্শনী- ১,

২। **সিকলবাহা** মৌজার বি.এস-১৭৬১ নং খতিয়ান যা প্রদর্শনী- ২

৩। ১৩/১২/১৯৪৪ ইং তারিখের ৬৩৫৯ নং কবলার সি.সি প্রদ- ৩

৪। ০৬/০৮/১৯৫১ ইং তারিখের ৩২৮৪ নং কবলার সি.সি প্রদ- ৪

৫। ২৪/০৮/১৯৯৩ ইং তারিখের ৪৫২৩ নং কবলার সি.সি প্রদ- ৫

৬। ৩০/০১/১৯৯৫ ইং তারিখের ৭৩৩ নং কবলার সি.সি প্রদ- ৬

৭। ১৩/০২/১৯৯৫ ইং তারিখের ১০৯৪ নং কবলার সি.সি প্রদ- ৭

৮। ০৬/০১/১৯৯৮ ইং তারিখের ৬১ নং কবলার সি.সি প্রদ- ৮ হিসাবে চিহ্নিত হলো।

**মোঃ ইউসুফ P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৮) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফিসঠিক।

অতএব,

আদেশহয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট **বি.এস ১৭৬১** নং খতিয়ানে বাদীর পূর্ববর্তীর নামের পরিবর্তে বিবাদীগনের পূর্ববর্তীর নাম ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীগনের উপর বাধ্যকর নয়।

এতদ্বারা সদর সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত গত ২৪/০৮/১৯৯৩ ইং তারিখের ৪৫২৩ নং কবলা দলিল; ৩০/০১/১৯৯৫ ইং তারিখের ৭৩৩ নং কবলা দলিল এবং ১৩/০২/১৯৯৫ ইং তারিখে ১০৯৪ নং কবলা দলিলের তফসিলে বি এস ১৪০৪২ চৌদ্দ হাজার বেয়াল্লিশ নম্বর দাগের স্থলে বি এস ১৪০৪৩ চৌদ্দ হাজার তেতাল্লিশ নম্বর দাগ লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলগুলো সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারনে উক্ত তিনটি দলিল এর সংশ্লিষ্ট বালাম বহির প্রয়োজনীয় পৃষ্ঠায় সংশোধনী আনয়ন করার জন্য সদর-সাব রেজিস্ট্রার, চট্টগ্রাম কে নির্দেশ প্রদান করা হলো।

আরজির সত্যায়িত ফটোকপি সহ অত্র ডিক্রীর অনুলিপি অবগতি ও কার্যার্থে সদর-সাব রেজিস্ট্রার, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম